# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬০

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৯. সমুদ্র অভিযানের ফযীলত

بَاب فِي فَضْلِ غُزَاةِ الْبَحْرِ

আরবী

أخبرنا سليمان بن حرب حدثنا حماد بن زيد عن يحيى بن سعيد عن محمد بن يحيى بن حبان عن أنس بن مالك قال حدثتني أم حرام بنت ملحان أن النبي صلى الله عليه وسلم قال في بيتها يوما فاستيقظ وهو يضحك فقلت يا رسول الله ما أضحكك قال أريت قوما من أمتي يركبون ظهر هذا البحر كالملوك على الأسرة قلت يا رسول الله ادع الله أن يجعلني منهم قال أنت منهم ثم نام أيضا فاستيقظ وهو يضحك فقلت يا رسول الله ما أضحكك قال أريت قوما من أمتي يركبون هذا البحر كالملوك على الأسرة قلت يا رسول الله ادع الله أن يجعلني منهم قال أنت من الأولين قال فتزوجها عبادة بن الصامت فغزا في البحر فحملها معه فلما قدموا قربت لها بغلة لتركبها فصرعتها فدقت عنقها فماتت

বাংলা

২৪৬০. উম্মে হারাম বিনতে মিলহান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ঘরে দুপুরের বিশ্রাম নিচ্ছিলেন। এরপর জেগে উঠে মুচকি হাসতে লাগলেন। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি হাসছেন কেন? তিনি বললেন, “আমার উম্মাতের এমন কিছু লোককে আমাকে দেখানো হলো যারা এই নীল সমুদ্রের পৃষ্ঠে আরোহণ করছে, যেমন বাদশাহ সিংহাসনে আরোহণ করে।”

আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি আল্লাহর কাছে দুআ করুন, তিনি যেন আমাকে তাদের অন্তর্ভূক্ত করেন। তিনি বললেন: “তুমি তাদের অন্তর্ভূক্ত।” এরপর তিনি দ্বিতীয়বার নিদ্রা গেলেন এবং এরপর জেগে উঠে মুচকি হাসতে লাগলেন। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি হাসছেন কেন? তিনি বললেন, “আমার উম্মাতের এমন কিছু লোককে আমাকে দেখানো হলো যারা এই নীল সমুদ্রের পৃষ্ঠে আরোহণ করছে, যেমন বাদশাহ সিংহাসনে আরোহণ করে।”

আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি আল্লাহর কাছে দুআ করুন, তিনি যেন আমাকে তাদের অন্তর্ভূক্ত করেন। তিনি বললেন: “তুমি তাদের অন্তর্ভূক্ত।”

এরপর তিনি পুনরায় নিদ্রা গেলেন এবং এরপর জেগে উঠে মুচকি হাসতে লাগলেন। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি হাসছেন কেন? তিনি বললেন, “আমার উম্মাতের এমন কিছু লোককে আমাকে দেখানো হলো যারা এই নীল সমুদ্রের পৃষ্ঠে আরোহণ করছে, যেমন বাদশাহ সিংহাসনে আরোহণ করে।”

আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি আল্লাহর কাছে দুআ করুন, তিনি যেন আমাকে তাদের অন্তর্ভূক্ত করেন। তিনি বললেন: “তুমি তাদের প্রথমদিকের অন্তর্ভূক্ত।”রাবী বলেন, এরপর উবাদাহ ইবনু সামিত রাদ্বিয়াল্লাহু আনহু তাকে বিয়ে করেন এবং (মুআবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু-এর সাথে যখন মুসলিমরা প্রথম সমুদ্র পথে অভিযানে বের হয় তখন) তিনি সস্ত্রীক সমুদ্র অভিযানে বের হন। যুদ্ধ থেকে ফেরার পথে তাকে (উম্মে হারামকে) আরোহণের জন্য একটি খচ্চর সওয়ারী হিসেবে দেওয়া হয়, সেটি তাকে মাটিতে ফেলে দেয় এবং এতে তার ঘাড় মটকে যায় এবং তিনি মারা যান।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, জিহাদ ২৭৮৮; মুসলিম, ইমারাহ ১৯১২।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৬৭৫, ৩৬৭৬ আনাস এর হাদীসের তাখরীজে ও সহীহ ইবনু হিব্বান নং ৪৬০৮, ৭১৮৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু হারাম বিনতু মিলহান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82743

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন